



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে
যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ নভেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২১ নভেম্বর ২০২২ তারিখ সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ কনফারেন্স হলে এ সেমিনারের আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকাস্থ ইউএস দূতাবাসের কালচারাল এ্যাফেয়ার্স অফিসার সারলিন হুসাইন মরগান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। সেমিনারে ডেলিগেট হিসেবে আরও উপস্থিত ছিলেন ইউএস দূতাবাসের কালচারাল এ্যাফেয়ার্স স্পেশালিস্ট রায়হানা সুলতানা, ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম কো-অর্ডিনেটর শাওন কর্মকার, এ্যাডুকেশন ইউএসএ ডিরেক্টর সোহেল ইকবাল প্রমুখ। সেমিনারে উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীরা যাতে যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষা গ্রহণে অধিকতর সুযোগ পায় সে লক্ষ্যে ঢাকাস্থ ইউএস কালচারাল অফিস ও দূতাবাস যেন আরও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে সেই বিষয়ে বিশেষ আহবান জানান। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোঃ খোরশেদ আলমের সঞ্চালনায় সেমিনারে শিক্ষক সমিতির সভাপতি, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্ট, পরিচালক, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়